

## সেই আমার প্রেম

-সাধন সরকার  
(১৯৭৬)

কষ্ট হয়, খুবই কষ্ট হয়  
কিন্তু তুমি তো নির্বিকার ।  
রবার দিয়ে ঘষে ঘষে  
নির্মম হাতে দাগ মুছতে থাক যখন,  
ভুল রেখাপাতে, নিটোল ছবি,  
যেটা, হয়েও হয়নি, তোমাকে অতৃপ্ত করে ।  
অতএব রবার ঘষে যাও, নির্বিকার, নির্মম,  
আমি বহু কষ্টে মুখ বুজে থাকি  
আমার বুকেইতো তোমার প্রকাশ ঘটবে,  
সেই সুন্দরের,  
তোমার সার্থক সৃষ্টিই আমার আনন্দ  
তোমাতেই আমি ।  
তোমার গরবেই আমার গর্ব  
তোমার সৃষ্টির স্বাক্ষর বুকে নিয়ে  
বয়ে বেড়াব চিরকাল  
সেই আমার প্রেম ।

---\*\*---